আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ১০ এপ্রিল, ২০২২ ১৫:৫৪

# বারি ও বিশ্বব্যাংক মিশন প্রতিনিধি দলের মধ্যে মতবিনিময় সভা

গাজীপুর প্রতিনিধি




বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট (বারি) ও বিশ্বব্যাংক মিশনের একটি প্রতিনিধি দলের মধ্যে এক মতবিনিময় সভা রবিবার বারি'র সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। 'Program on Agricultural and Rural Transformation for Nutrition, Employment and Resilience (PARTNER)' শীর্ষক একটি প্রকল্প প্রণয়নের উদ্দেশ্যে এই মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বারি'র মহা-পরিচালক ড. দেবাশীষ সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বিশ্বব্যাংকের সিনিয়র এগ্রিকালচারাল বিশেষজ্ঞ ও মিশন প্রধান মি. ভ্যালেন্স ময়ুমভানেজা, বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন উইং) ড. অপূর্ব কান্তি চৌধুরী, (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. আব্দুল লতিফ আকন্দ, বিশ্ব ব্যাংক মিশনের সদস্য মো. মনসুর আহমদ সহ বারি'র বিভিন্ন বিভাগের প্রধান, উর্ধ্বতন বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় বিশ্ব ব্যাংকের PARTNER প্রকল্পে বারি'র ভূমিকা এবং কার্যক্রম পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করেন বারি'র পরিকল্পনা ও মূল্যায়ন উইং এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. নির্মল চন্দ্র শীল।

মতবিনিময় সভায় মুক্ত আলোচনায় বিশ্ব ব্যাংকের PARTNER প্রকল্পে বারি'র ভূমিকা ও কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। একই সাথে বিশ্বব্যাংক মিশন প্রতিনিধি দলের পক্ষ থেকে তাদের কার্যক্রম ও পরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

ঢাকা ■ সোমবার ■ ১১ এপ্রিল ২০২২ ভোরের কাগজ




বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) ও বিশ্ব ব্যাংক মিশনের একটি প্রতিনিধিদলের মধ্যে গতকাল অনুষ্ঠিত মতবিনিময় সভায় অংশগ্রহণকারীদের সঙ্গে ফটোসেশনে (বাম থেকে বসা) বারির পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান, বিশ্ব ব্যাংকের সিনিয়র এগ্রিকালচারাল স্পেশালিস্ট ও মিশন প্রধান মি. ভ্যালেন্স ময়ুমভানেজা, বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম ও পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন উইং) ড. অপূর্ব কান্তি চৌধুরী। বিজ্ঞপ্তি।



দৈনিক সোমবার
THE DAILY BANGLADESH KANTHA
মাটি ও মানুষের
বাংলাদেশ কণ্ঠ
bangladeshkantha.com
ঢাকা: ১১ এপ্রিল ২০২২ ইং ❖ ২৮ চৈত্র ১৪২৮ বাংলা ❖ ০৯ রমজান ১৪৪৩ হিজরী ❖ রেজিঃ নং ডিএ-৬০১২ ❖ বর্ষ-১৩ ❖ সংখ্যা-১৮৬ ❖ পৃষ্ঠা- ৮ ❖ মূল্য- ০৫ টাকা

সবার মাঝে মেহজাবীনকে খোঁজেন নিশো (পৃষ্ঠা-৬)
সংকট কাটাতে ৩০০ কোটি ডলার প্রয়োজন শ্রীলঙ্কার (পৃষ্ঠা-৫)
নেইমার-এমবাপ্পের গোলের হ্যাটট্রিক অ্যাসিস্টের হ্যাটট্রিক মেসির (পৃষ্ঠা-৬)



# বারি ও বিশ্ব ব্যাংক মিশন প্রতিনিধি দলের মতবিনিময় সভা

গাজীপুর প্রতিনিধি :

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) ও বিশ্ব ব্যাংক মিশনের একটি প্রতিনিধি দলের মধ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার বারি'র সেমিনার কক্ষে Program on Agricultural and Rural Transformation for Nutrition, Employment and Resilience (PARTNER) শীর্ষক একটি প্রকল্প প্রণয়নের উদ্দেশ্যে এই সভা করা হয়। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের সভাপতিত্বে এ সভায় উপস্থিত ছিলেন বিশ্ব ব্যাংকের সিনিয়র এগ্রিকালচারাল স্পেশিয়ালিস্ট ও মিশন প্রধান মি. ভ্যালেন্স ময়ুমভানেজা, বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন উইং) ড. অপূর্ব কান্তি চৌধুরী, (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. আব্দুল লতিফ আকন্দ, বিশ্ব ব্যাংক মিশনের সদস্য মো. মনসুর আহমদসহ বারি'র বিভিন্ন বিভাগের প্রধান, ঊর্ধ্বতন বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় বিশ্ব ব্যাংকের PARTNER প্রকল্পে বারি'র ভূমিকা এবং কার্যক্রম পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করেন বারি'র পরিকল্পনা ও মূল্যায়ন উইং এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. নির্মল চন্দ্র শীল। সভায় মুক্ত আলোচনায় বিশ্ব ব্যাংকের PARTNER প্রকল্পে উভয় পক্ষের ভূমিকা, কার্যক্রম ও পরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।



বাংলাদেশের আলো
সোমবার ১১ এপ্রিল ২০২২




# বারি ও বিশ্ব ব্যাংক প্রতিনিধি দলের মধ্যে মতবিনিময় সভা

মো. মনির হোসেন, গাজীপুর

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) ও বিশ্ব ব্যাংক মিশনের একটি প্রতিনিধি দলের মধ্যে একটি মত বিনিময় সভা গতকাল বারি'র সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। 'Program on Agricultural and Rural Transformation for Nutrition, Employment and Resilience (PARTNER)' শীর্ষক একটি প্রকল্প প্রণয়নের উদ্দেশ্যে এই মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই মত বিনিময় সভায় বিশ্ব ব্যাংকের সিনিয়র এগ্রিকালচারাল স্পেশিয়ালিস্ট ও মিশন প্রধান মি. ভ্যালেন্স ময়ুমভানেজা, বারির পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন উইং) ড. অপূর্ব কান্তি চৌধুরী, (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. আব্দুল লতিফ আকন্দ, বিশ্ব ব্যাংক মিশনের সদস্য মো. মনসুর আহমদসহ বারির বিভিন্ন বিভাগের প্রধান, ঊর্ধ্বতন বিজ্ঞানী ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন। মত বিনিময় সভায় বিশ্ব ব্যাংকের PARTNER প্রকল্পে বারির ভূমিকা এবং কার্যক্রম পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করেন বারির পরিকল্পনা ও মূল্যায়ন উইং এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. নির্মল চন্দ্র শীল। মতবিনিময় সভায় মুক্ত আলোচনায় বিশ্ব ব্যাংকের PARTNER প্রকল্পে বারি'র ভূমিকা ও কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। একই সঙ্গে বিশ্ব ব্যাংক মিশন প্রতিনিধি দলের পক্ষ থেকে তাদের কার্যক্রম ও পরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

the daily observer

Dhaka Monday April 11, 2022




**Participants at a meeting titled 'Programme on Agricultural and Rural Transformation for Nutrition, Employment and Resilience (PARTNER)' organised by Bangladesh Agricultural Research Institute. (Sitting from left in first row) BARI Director (Support & Services) Dr Md Kamrul Hasan, Senior Agricultural Specialist of World Bank and Mission Chief Mr Valens Mwumvaneza, BARI Director General Dr Debasish Sarker, Director (Research) Dr Md Tariqul Islam and Director (Planning and Evaluation) Dr Apurba Kanti Chowdhury.** PHOTO: **OBSERVER**

The New Nation
Independent Daily
Dhaka, Monday, April 11, 2022




**GAZIPUR:** Bangladesh Agricultural Research Institute (BARI) and the World Bank Mission Members arrange a consultation meeting at the seminar room of BARI on Sunday . The meeting was held to formulate a project titled 'Programmne on Agricultural and Rural Transformation for Nutrition, Employment and Resilience.

■ NN photo

# BARI holds consultation meet

**Gazipur Correspondent**

Bangladesh Agricultural Research Institute (BARI) and the World Bank Mission Members arrange a consultation meeting at the seminar room of BARI on Sunday . The meeting was held to formulate a project titled 'Programmne on Agricultural and Rural Transformation for Nutrition, Employment and Resilience (PARTNER)'.

The meeting was chaired by BARI Director General Dr. Debasish Sarker. Senior Agricultural Specialist of World Bank and Mission Chief Mr. Valens Mwumvaneza, BARI's Director (Support & Services) Dr. Md. Kamrul Hasan, Director (Research) Dr. Md. Tariqul Islam, Director (Planning and Evaluation) Dr. Apurba Kanti Chowdhury, Director (ORC) Dr. Md. Abdul Latif Akand, World Bank Mission Member Mr. Mansur Ahmad, heads of various divisions, senior scientists and officers of BARI were present on the occasion.

Daily Morning Glory
A First Class English National Daily
Dhaka, Monday, 12 April 2022

# BARI & World Bank Mission delegation held in exchange meetings




**Md. Bayazid Hossain, Gazipur**

One exchange meeting between Bangladesh Agricultural Research Institute (BARI) and a delegation of the World Bank Mission was held in BARI's seminar room yesterday.

In the chairmanship of the Director General Dr. Debashis Sarker, the World Bank's Senior Adricantultural Specialist Specialist and Mission Chief Valence Moyumvanenza, Director (Service and Supplier) Dr Md Kamrul Hassan, Director (Research) Dr Md Tariqul Islam, Director (Planning and Evaluation Wing) Apurba Kanti Chowdhury, (Oilseledge Research Center) Dr Md Abdul Latif Akand, head of Various departments of BARI, member of the World Bank Mission Mansur Ahmed, senior scientists and officials were present. BARI's planning and evaluation Wing's Chief Scientific Officer Dr. Nirmal Chandra Shil presented the role of Bari and the Power Point Presentation. Detailed discussions about BARI & activities were discussed in different projects in the exchange meeting in the exchange meeting. At the same time, the World Bank Mission delegation discussed details on their activities and plans.

ঢাকা : সোমবার ১১ এপ্রিল ২০২২
২৮ চৈত্র ১৪২৮ বাংলা
৯ রমজান ১৪৪৩ হিজরি
বর্ষ-১১ সংখ্যা-৩২৮ : রেজি: নং-ডিএ ৬১০৩

দৈনিক নবরাজ
THE DAILY NABARAJ
আমার দেশ আমার সংবাদ
www.dailynabaraj.com




# ফরিদপুরে 'ওটস' চাষে স্বপ্ন বুনছেন কৃষক

অর্থবাণিজ্য রিপোর্ট

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই) উদ্ভাবিত উচ্চ মূল্যের দানা জাতীয় ফসল ওটস চাষের উজ্জ্বল সম্ভাবনা তৈরি হয়েছে ফরিদপুরে। এরই মধ্যে ফরিদপুর সদর উপজেলার বসু নরসিংহদিয়া গ্রামের মাঠে সরেজমিনে গবেষণা বিভাগের তত্ত্বাবধানে পরীক্ষামূলকভাবে অপ্রচলিত এ ফসলের আবাদে সফলতাও পেয়েছে কৃষি বিভাগ।

চর পতিত জমিতে এ ফসল চাষাবাদ করা গেলে একদিকে পতিত জমি কৃষি জমিতে রূপান্তরিত হবে, অন্যদিকে ভাগ্যের পরিবর্তন হবে চরবাসীর।

ফরিদপুরের বসু নরসিংহদিয়া গ্রামের মাঠে কৃষি মিউজিয়ামে ওটস ছাড়াও সমজাতীয় ফসল কাউন ও বার্লির আবাদ করে সফলতা অর্জিত হয়েছে।

ফরিদপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক ড. হযরত আলী আগ্রহী কৃষকদের ওটসসহ অপ্রচলিত দানাদার ফসল আবাদে কারিগরি সহযোগিতা দেওয়ার আশ্বাস দিয়ে বলেন, উচ্চমূল্যের এ ফসলটি আবাদে কৃষকদের লাভবান হওয়ার যথেষ্ট সুযোগ রয়েছে।

সরেজমিনে গবেষণা বিভাগের ফরিদপুর অঞ্চলের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. সেলিম আহমেদ জানান, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের উদ্ভিদ প্রজনন বিভাগ থেকে অপ্রচলিত দানাদার ফসলের কিছু আধুনিক ও উন্নত জাত উদ্ভাবন করা হয়েছে, যার মধ্যে ওটস, কাউন ও বার্লি উল্লেখযোগ্য। এ তিনটি জাত কম সেচ ও কম উর্বর জমিতে আবাদযোগ্য।

আর বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার ফরিদপুরের বসু সরসেংহদিয়া এলাকায় এ ফসলগুলোর আবাদ পরিদর্শনকালে জানান, প্রতিবছর দেশে এক শতাংশ করে কমছে কৃষি জমি, তাই পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করতে ওটস, কাউন ও বার্লিসহ এ জাতীয় ফসলের আবাদ সম্প্রসারণ করা জরুরি। তিনি আরও জানান, বিজ্ঞানীরা ফসলের আধুনিক ও উন্নত জাত উদ্ভাবনে কাজ করে যাচ্ছে।

নিম্নে অপ্রচলিত দানাদার ফসল ওটস, কাউন ও বার্লির সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরা হলো-

ওটস : বিজ্ঞানীদের ভাষায় ওটস একটি খাদ্যশস্য যা ধান, গম ও যব জাতীয় উদ্ভিদ শস্য। ওটস স্বাস্থ্যকর খাবার হিসেবে সমজাতীয় খাদ্য তালিকার প্রায় উপরের দিকে অবস্থান করে। ওটসে রয়েছে প্রচুর পরিমাণে ফাইবার (৮ শতাংশ), প্রোটিন (১৩ শতাংশ), শর্করা (৫১ শতাংশ)। এছাড়া রয়েছে ভিটামিনসহ একগুচ্ছ পুষ্টি উপাদান। বিশেষত ওটসে রয়েছে ভিটামিন-বি, যা শরীরে কার্বোহাইড্রেট হজমে সাহায্য করে। তাছাড়া ওটসে রয়েছে প্রচুর ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, জিঙ্ক, কপার, ম্যাঙ্গানিজ, থিয়ামিন ইত্যাদি, যা অন্যান্য শস্যজাতীয় খাবারের তুলনায় বেশি। ওটসে প্রাকৃতিকভাবে ফ্যাটের পরিমাণ কম থাকে।

এছাড়া ওটস কোলেস্টেরল কমায়, উচ্চ রক্তচাপ নিরাময় করে, হৃদরোগের ঝুঁকি কমায়, রক্তে সুগারের মাত্রা নিয়ন্ত্রণে রাখে, ওজন কমায়, রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায় ও ক্যান্সারের ঝুঁকি কমায়।

বারি ওটস-১ এর বৈশিষ্ট্য: বাংলাদেশের সব এলাকায় এর চাষ করা যায়। তবে চর এলাকার জন্য বিশেষ উপযোগী। জাতটি ১২৫-১৩০ দিনে পরিপক্ব হয়। প্রতি হেক্টরে জাতটির গড় ফলন ১ থেকে ১.২ টন।

কাউন : প্রায় সব ধরনের মাটিতেই কাউনের চাষ করা যায়। তবে পানি দাঁড়ায় না এমন বেলে দোআঁশ মাটিতে এর ফলন ভালো হয়। ছোট দানা বিশিষ্ট শস্যটি বাংলাদেশের সাধারণত চরাঞ্চলে অথবা কম উর্বর জমিতে কম খরচে চাষ করা হয়ে থাকে। কাউন দিয়ে তৈরিকৃত এ খাবারগুলো খেতে যেমন সুস্বাদু তেমনি পুষ্টিগুণেও ভরপুর।

১০০ গ্রাম কাউনের চালে ৩৭৮ ক্যালোরি প্রোটিন, ৯ গ্রাম পানি, ৭৩ মিলিগ্রাম কার্বোহাইড্রেট, ৪ গ্রাম মিনারেল, ৭৭ মিলিগ্রাম ভিটামিন বি, ৩০০ ক্যালোরি ডায়েটারি ফাইবার, পটাশিয়াম ৬০ মিলিগ্রাম রয়েছে। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক এ পর্যন্ত মোট ৪টি কাউনের জাত উদ্ভাবন করেছে।

বারি কাউন-৩ এর বৈশিষ্ট্য: ১২০-১২৫ দিন জীবনকালের কাউনের এ জাতটি খাটো প্রকৃতির হওয়ায় নুয়ে পড়ে না। গাছের পাতাগুলো খাড়া ও অগ্রভাগ সুচালো হওয়ায় পাখির আক্রমণ প্রতিরোধ করতে পারে। দেশের উত্তরাঞ্চলে অগ্রহায়ণ মাস থেকে ফাল্গুন মাস পর্যন্ত বীজ বোনার উপযুক্ত সময়। দেশের দক্ষিণাঞ্চলে সাধারণত অগ্রহায়ণ মাসে বীজ বোনা হয়ে থাকে। অন্য ফসলের সঙ্গে সাথী ফসল হিসেবে খরিপ মৌসুমেও বীজ বোনা যায়। গড় ফলন আড়াই থেকে তিন টন/হেক্টর। স্থানীয় জাতের চেয়ে ফলন শতকরা প্রায় ৩৫ শতাংশ বেশি।

বারি কাউন-৪ এর বৈশিষ্ট্য: জাতটির কাণ্ড দৃঢ়, শক্ত, মজবুত ও অপেক্ষাকৃত খাটো হওয়ায় সহজে হেলে পড়ে না। হেক্টর প্রতি উৎপাদন ৩.৫৩ টন।